

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর  
সিবিএইচসি কার্যালয়  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।  
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/চট্টঃ বিঃ/শৃংখলা-৬০/২০১৬/


তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, আপনি জনাব প্রদীপ চন্দ্র দাস, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার সহদেবপুর (পূর্ব) ইউনিয়নের এনায়েতপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে সিবিএইচসি কার্যালয়ের স্মারক নং- ২৭৭ তারিখঃ- ০২/০৪/২০১৭ ইং মোতাবেক কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং বেতন ভাতা বন্ধ রাখা হয়।

যেহেতু, সিএইচসিপি, জনাব প্রদীপ চন্দ্র দাস কারণ দর্শানোর নোটিশের জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিবিএইচসি কার্যালয়ে প্রেরণ করেছেন। কারণ দর্শানোর নোটিশের জবাবে উল্লেখ করেন যে, “০৫/০২/২০১৭ ইং তারিখে যথাসময়ে এনায়েতপুর কমিউনিটি ক্লিনিক খোলা রেখে আগত রোগীদের সেবা প্রদান করেন। তিনি কিছুদিন যাবত মারাত্মকভাবে কোমর ব্যাথায় ভোগছেন। বিষয়টি কর্তৃপক্ষ অবহিত আছেন। তার বাড়ীর পাশেই ক্লিনিকটি অবস্থিত। ০৫/০২/২০১৭ ইং তারিখে ০১.০০ ঘটিকায় ঔষধ সেবনের জন্য কিছুক্ষনের জন্য বাড়িতে যেতে হয় বিধায় কর্তৃপক্ষ তাকে কর্মস্থলে অনুপস্থিত দেখতে পান। তবে পরবর্তীতে তিনি যথারীতি ক্লিনিকে আসেন। অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি মহোদয়ের নিকট ক্ষমা প্রার্থনা করেন। ভবিষ্যতে কখনও দায়িত্ব পালনে অবহেলা করবেন না এবং কমিউনিটি ক্লিনিকের নীতিমালা অনুসরণ পূর্বক স্বাস্থ্যসেবা প্রদান করবেন। সেই মর্মে ক্ষমা প্রদর্শন পূর্বক আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি দিয়ে বেতন-ভাতাদি পাওয়ার আদেশ দানের জন্য মহোদয়ের নিকট আবেদন জানান।” এফসনে, সেহেতু সিএইচসিপি, জনাব প্রদীপ চন্দ্র দাস এর দাখিলকৃত জবাব ও কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

১. চাঁদপুর জেলার কচুয়া উপজেলার সহদেবপুর (পূর্ব) ইউনিয়নের এনায়েতপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব প্রদীপ চন্দ্র দাস-কে তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে মানবিক দিক বিবেচনা করে অব্যাহতি প্রদান করা হলো।
২. সিএইচসিপি, জনাব প্রদীপ চন্দ্র দাস-কে নিয়মিত দায়িত্ব প্রাপ্ত কমিউনিটি ক্লিনিকে নিয়মিত সেবা প্রদান এবং ভবিষ্যতে সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম না করার জন্য প্রথমবারের মতো সতর্ক করা হলো।


  
(ডাঃ মোঃ আবুল হাসেম খান)  
লাইন ডাইরেক্টর  
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর  
ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/চট্টঃ বিঃ/শৃংখলা-৬০/২০১৬/ ৪৬/১৩

তারিখঃ ৩৩ / ০৪ / ২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, চাঁদপুর।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর (আদেশটি সার্ভিস বুক লিপিবদ্ধ করার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
৮. জনাব প্রদীপ চন্দ্র দাস, সিএইচসিপি, এনায়েতপুর কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- সহদেবপুর (পূর্ব), উপজেলা- কচুয়া, জেলা- চাঁদপুর।
৯. অফিস কপি।

  
(ডাঃ পূজীশ কুমার দত্ত)  
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)  
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।